

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ  
১৩ নং শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী  
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

নং- ৩৩.০২.০০০০.১১৭.০৬.০০১.১৮. ৫৭৪

তারিখ: ০৫/০৭/২০১৮ খ্রি:

বিষয়: ২০১৮-২০১৯ আর্থিক সালে সংযুক্ত ছক মোতাবেক বাজেট চাহিদা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনাকে জানানো যাচ্ছে যে, বাজেট চাহিদা প্রাপ্তির সাথে সাথে বরাদ্দ প্রদান করার লক্ষ্যে সরকারের মধ্যমেয়াদি বাজেট কাঠামোর (MTBF) আওতায় স্ব-স্ব দপ্তরের বার্ষিক কর্ম পরিকল্পনা অনুসরণপূর্বক প্রকৃত বাজেট চাহিদা এতদসঙ্গে সংযোজিত নির্ধারিত ছক মোতাবেক প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ বিবেচনায় ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট চাহিদা আগামী ৩১/০৭/২০১৮ খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছানো নিশ্চিত করতে বলা হলো। অনুমোদিত বাজেট ও বাজেট চাহিদা ব্যতিরেকে বাজেট বরাদ্দ প্রদান করা হবে না। বাজেট বরাদ্দ ব্যতীত মঞ্জুরি আদেশ জারি আর্থিক বিধি বিধানের পরিপন্থী। প্রত্যেক দপ্তরের বাজেট চাহিদা সংশ্লিষ্ট কোড ভিত্তিক পৃথক পৃথকভাবে প্রস্তুত করে একীভূত আকারে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (প্রয়োজ্য ক্ষেত্রে) প্রেরণ করতে হবে। দপ্তরসমূহের বাজেট চাহিদা সংশোধনের প্রয়োজন হলে নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক সংশোধন করে অথবা অনুরূপ চাহিদা সংশ্লিষ্ট দপ্তর প্রধানের সাথে আলোচনাক্রমে সফট ও হার্ড কপি Bijoy Unicode Nikosh ফন্টে প্রেরণ করতে হবে। আয়ন ব্যয়ন কর্মকর্তাগণকে স্ব-স্ব হিসাবরক্ষণ কর্মকর্তার দপ্তর কর্তৃক রিকনসাইলকৃত আয়-ব্যয় বিবরণী (যা পাওয়া না গেলে পরবর্তীতে বরাদ্দ প্রদান করা সম্ভব হবে না) প্রত্যেক মাসের ১০ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছানো নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হলো।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(মো: গোলজার হোসেন)  
মহাপরিচালক (অতিঃ দায়িত্ব)  
ফোনঃ ০২-৯৫৬২৮৬১

ই-মেইলঃ dg@fisheries.gov.bd

বিতরণ:

১. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান (পার্বত্য জেলা মৎস্য দপ্তরের জন্য)।
২. পরিচালক, মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার, ঢাকা।
৩. পরিচালক, সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৪. প্রকল্প পরিচালক, বাওড় মৎস্য উন্নয়ন প্রকল্প (রাজস্ব), আরবপুর, যশোর।
৫. উপ পরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৬. উপ পরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/রাজশাহী বিভাগ, রাজশাহী/খুলনা বিভাগ, খুলনা/বরিশাল বিভাগ, বরিশাল/চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/সিলেট বিভাগ, সিলেট/ রংপুর বিভাগ, রংপুর। আপনার ও আপনার অধীনস্থ দপ্তরসমূহ যেমন: জেলা মৎস্য কর্মকর্তা, আঞ্চলিক মৎস্য কর্মকর্তা, সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, হ্যাচারী ম্যানেজার, খামার ব্যবস্থাপক, হ্যাচারি কর্মকর্তা, বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ কর্মকর্তার দপ্তর প্রভৃতি দপ্তর সমূহের ছকপত্র অনুযায়ী প্রকৃত বাজেট চাহিদা জরুরী ভিত্তিতে আগামী ৩১/০৭/২০১৮ খ্রি: তারিখের মধ্যে পৃথক পৃথকভাবে সংগ্রহ করতঃ একীভূত আকারে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৭. উপ পরিচালক, মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ, ঢাকা/চট্টগ্রাম/খুলনা।
৮. কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, ঢাকা/চট্টগ্রাম/খুলনা।
৯. অধ্যক্ষ, মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুর।
১০. অধ্যক্ষ, মৎস্য ডিল্লোমা প্রশিক্ষণ ইনস্টিটিউট, .....
১১. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সামুদ্রিক মৎস্য জরিপ ব্যবস্থাপনা ইউনিট, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১২. অধ্যক্ষ, মৎস্য প্রশিক্ষণ ও সম্প্রসারণ কেন্দ্র, ফরিদপুর।
১৩. আঞ্চলিক মৎস্য কর্মকর্তা, .....
১৪. অত্র দপ্তরের প্রশাসন-১/২/হিসাব/নিরীক্ষা/ক্যাশ/সাধারণ শাখা।